রাজউক কর্তৃক রিয়েল এস্টেট ডেভেলপার কোম্পানির নিবন্ধন সনদ প্রদান ও অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত

বুধবার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর সভাকক্ষে রিয়েল এস্টেট ডেভেলপার কোম্পানি সমূহের নিবন্ধন সনদ প্রদান ও অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন রাজউক চেয়ারম্যান জনাব মেজর জেনারেল মোঃ ছিদ্দিকুর রহমান সরকার (অবঃ)।

নিবন্ধন সনদ প্রদান অনুষ্ঠানে নতুন এবং ইতোঃপূর্বে নিবন্ধিত রিয়েল এস্টেট ডেভেলপার কোম্পানির নিবন্ধন নবায়ন এর আবেদনের প্রেক্ষিতে সার্বিক যাচাই-বাছাই এর পর উপযুক্ত কোম্পানিগুলোকে নিবন্ধন সনদ প্রদান করা হয়। এ সময় ৭২ টি নতুন কোম্পানিকে নিবন্ধন সনদ প্রদান করা হয় এবং ৯ টি কোম্পানির নিবন্ধন নবায়ন করা হয়।
সনদ প্রদান অনুষ্ঠানের শুরুতে ডেভেলপার কোম্পানিগুলোর প্রতিনিধিরা বিভিন্ন বিষয়ে তাদের মতামত তুলে ধরেন। এ সময় রাজউক এর সদস্য (উন্নয়ন ও উন্নয়ন নিয়ন্ত্রণ) জনাব মোঃ হারুন–অর-রশীদ বলেন, ” পরবর্তী প্রজন্মের জন্য একটি বাসযোগ্য নগরী গড়ে তোলার জন্য আবাসনের সাথে যুক্ত সকলকেই একযোগে কাজ করতে হবে। ডেভেলপার কোম্পানি গুলো সঠিক ভাবে ভবন নির্মাণ বিধিমালা মেনে চললে নগরবাসী ভবিষ্যতে যে কোন দুর্ঘটনা থেকে নিরাপদ থাকবে এবং একটি সুন্দর নগরী গড়ে উঠবে।”
অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে রাজউক চেয়ারম্যান জনাব মেজর জেনারেল মোঃ ছিদ্দিকুর রহমান সরকার (অবঃ) বলেন, “রিয়েল এস্টেট ডেভেলপার কোম্পানি গুলোর নিবন্ধনের প্রক্রিয়া নিয়মিত করার জন্য রাজউক কাজ করছে। একই সাথে সঠিক ও নিয়মিত মূল্যায়নের মাধ্যমে কারো বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে তাদের নিবন্ধন বাতিল সহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে রাজউক।”
তিনি আরও বলেন, “রাজউক নিয়মিতভাবে ডেভেলপার কোম্পানিগুলোর সাথে বার্ষিক বা দ্বিবার্ষিক মতবিনিময় সভার আয়োজন করতে চায় যার মাধ্যমে রাজউকের সর্বশেষ বিধিমালা অবহিতকরণ সহ কোম্পানিসমূহের সুবিধা অসুবিধা নিয়ে কাজ করা যাবে।”